



৫. বাঘকে বাঁচাও



ছাত্রছাত্রীরা এই ছড়াটি বার বার পড়লে ছন্দ মিলিয়ে পড়তে শিখবে। বাক্য গঠন এবং একই শব্দগুচ্ছের গদ্যরূপ ও পদ্যরূপ যে আলাদা আলাদা হয়, তা তারা মূল্যায়ন প্রশ্নাবলির উত্তর দিতে গিয়ে শিখে নেবে।

বাঘের বংশ হচ্ছে ধূংস
 বাঘের জন্যে ভাবি
 বাঘকে হবে বাঁচাতে আজ
 এই আমাদের দাবি।
 বাঘের দেখা আর পাব কি?
 বাঘের জন্যে ভাবি।
 বাঘের শিকার চলবে না
 এই আমাদের দাবি।

অনন্দাশংকর রায়



জেনে রাখ

ছড়াটিতে যা বলা হয়েছে: এটি একটি ছড়া। মানুষ, গাছপালা, পশুপাথি, পোকামাকড়—এইসব নিয়ে আমাদের পৃথিবী। এখানে সবাই থাকবে। চোরা শিকারিই লুকিয়ে বাঘ শিকার করছে। বাঘের বংশ ধূংস হয়ে যাচ্ছে। তাদের এই অন্যায় কাজ বন্ধ করতে না পারলে আমরা আর বাঘ দেখতে পাব না। তাই সবাই মিলে বাঘ শিকার রুখতে হবে।

শব্দের অর্থ

ধূংস-শেষ হয়ে যাওয়া

দাবি-আমরা যা চাই তা জোর দিয়ে বলা